



বিজ্ঞান চর্চা বাড়ানোর আহ্বান জানালেন ডা. জুবাইদা রহমান



ডা. জুবাইদা রহমান। ছবি: সংগৃহীত

দেশের উন্নয়ন ও মানুষের নানা সমস্যার সমাধানে বিজ্ঞানচর্চাকে আরও গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়েছেন জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ডা. জুবাইদা রহমান। তিনি বলেন, বৈজ্ঞানিক গবেষণা ও নতুন আবিষ্কার দেশের অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

বুধবার (১০ জুন) ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি ও ‘ভবিষ্যৎ বিজ্ঞানীর খোঁজে’ বিজ্ঞান মেলায় উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে এ আয়োজন করা হয়।

ডা. জুবাইদা রহমান বলেন, শিক্ষক ও শিক্ষার্থীরা পরিবেশ রক্ষা এবং দেশের বিভিন্ন সমস্যার বৈজ্ঞানিক সমাধান খুঁজে বের করতে বড় অবদান রাখতে পারেন। পাশাপাশি সমাজের সব ক্ষেত্রে সুস্থ প্রতিযোগিতা নতুন সম্ভাবনার পথ তৈরি করে বলেও মন্তব্য করেন তিনি।

তিনি আরও বলেন, বৃক্ষরোপণকে শুধু আনুষ্ঠানিক কর্মসূচির মধ্যে সীমাবদ্ধ না রেখে জনসম্পৃক্ততার মাধ্যমে এটি সামাজিক ও অর্থনৈতিক আন্দোলনে রূপ দেওয়া সম্ভব।